

3 (Sem-5) BEN M 6

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 5.6

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুযায়ী উত্তর দাও :

১×৭=৭

(ক) 'বিরিঞ্চিবাবা' গল্পের নিতাইবাবু কোন্ অফিসে চাকরি করতেন?

(খ) "হঠাৎ বাথরুমের দরজা খুলে বেরিয়ে এল এক অপরিচিত মূর্তি।" এখানে 'মূর্তি' বলতে কাকে বোঝানো হয়েছে?

(গ) বনবাস থেকে রামচন্দ্রকে ফিরিয়ে আনতে ভারত কোন্ স্থানে গমন করেছিলেন?

(ঘ) 'উলটপুরাণ' গল্পের মিস্টার ক্র্যামের পাঠশালার নাম কী?

(ঙ) কমলাকান্তের পৃষ্ঠপোষকের নাম কী?

(চ) সস্তা খরিদের অবিরত চেষ্টাকে _____ বলে।

(শূন্যস্থান পূরণ করো)

(ছ) প্রসন্ন গোয়ালিনীর গাভীর নাম কী?

8A/198

(Turn Over)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) 'রাষ্ট্রবিৎ' পত্রিকায় কোন্ কোন্ ভারতীয় দ্রব্যের বিজ্ঞাপন প্রকাশিত হয়েছিল ?
- (খ) "তিনি একজন পলিটিক্যাল পরিব্রাজক।" এখানে কাকে 'পলিটিক্যাল পরিব্রাজক' বলা হয়েছে? তিনি কোন্ রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ছিলেন ?
- (গ) 'দোকানদারগণ বিনা ছানায়, শুধু গুড়ে, আশ্চর্য সন্দেশ করিয়া সস্তা দরে বিক্রয় করিতেছে।" এখানে কোন্ দোকানদারদের কথা বলা হয়েছে? প্রকৃত তাৎপর্বে তারা কী বিক্রি করছিল ?
- (ঘ) কমলাকান্ত কোন্ রূপ ধারণ করে স্বর্গে উপস্থিত হয়েছিল? দেবরাজের কাছে সে কী পুরস্কার প্রার্থনা করেছিল ?

৩। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

ক—গুচ্ছ

- (ক) প্রফেসর ননির পরিচয় দাও। তার কাজকর্মের খেয়ালিপনার বৈশিষ্ট্য আলোচনা করো।
- (খ) "হাইকোর্টশিপ আরম্ভ হইল।" এই 'হাইকোর্টশিপ'-এর একটি বিবরণ দাও।
- (গ) বকুলাল দত্তের অন্তিম পরিণতি কী হয়েছিল তা আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) "আমাদের দেশের লেখকদিগকে আমি তেঁতুল বলিয়া গনি।" বক্তার এরূপ সিদ্ধান্তের কারণ কী? আলোচনা করো।
- (খ) ব্যাখ্যা করো :
"লতায় কণ্টক আছে; কুসুমে কীট আছে; গন্ধে বিষ আছে। পত্র শুষ্ক হয়, রূপ বিকৃত হয়, স্ত্রী-জাতি বধনা জানে।"
- (গ) 'পঞ্চানন্দ' বলতে কমলাকান্ত কোন্ কোন্ আনন্দকে নির্দেশ করেছে ?

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) "রাজশেখরের ধর্মবোধ যেহেতু গভীর ও ব্যাপক তাই সমাজে ধর্মের লাঞ্ছনা তাঁকে কষ্ট দিয়েছে। ফলে পরশুরামের গল্পে ধর্ম রঙ্গ-ব্যঙ্গের অন্যতম বিষয় হয়েছে।" সমালোচকের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে 'বিরিঞ্চিবাবা' গল্পের এক পর্যালোচনা প্রস্তুত করো।
- (খ) 'কচি সংসদ' গল্পের কেঁপে চরিত্রের বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

(4)

(গ) “সুন্দরবনের লৌকিক দেবতাকে সামনে রেখে তিনি হঠাৎ বড়লোক, উচ্চাকাঙ্ক্ষী, নীতিবোধহীন বাঙালি চরিত্রকে ব্যঙ্গ ধ্বস্ত করেছেন।” সমালোচকের এই মন্তব্যের আলোকে ‘দক্ষিণ রায়’ গল্পটি বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

- (ক) ‘কমলাকান্তের দপ্তর’ গ্রন্থে বঙ্কিমচন্দ্রের হাস্যরস সৃষ্টির পারদর্শিতা সম্বন্ধে আলোচনা করো।
- (খ) ‘মনুষ্যফল’ প্রবন্ধে মনুষ্য চরিত্রের বিভিন্ন বৈশিষ্ট্য কীভাবে উদ্ভাসিত করে তোলা হয়েছে তা আলোচনা করো।
- (গ) ‘বড়বাজার’ প্রবন্ধানুসারে কমলাকান্তের বাজার পরিভ্রমণের অভিজ্ঞতা ব্যক্ত করো।

★ ★ ★